

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
**ভিসির বাসায় ককটেল
ছুড়ল ছাত্রদল, ভাঙচুর**

বাকবি প্রতিনিধি ▶
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকবি) শাখা ছাত্রদল রবিবার সকালে উপাচার্যের বাসভবনে ইট-পাটকেল ছুড়ে বাসায় কয়েকটি জানাঘা ভাঙচুর করে। পরে বাসভবনের প্রধান ফটকে নিয়োজিত নিরাপত্তাকর্মীদের সামনে চারটি ককটেল বিস্ফোরণ ঘটিয়ে তারা পালিয়ে যায়। এ সময় বাসভবনে কর্মরত দুই কর্মচারী আহত হন। এদিকে নির্বাচনী দায়িত্ব জালানে ক্যাম্পাসের পুলিশ বহু থেকে পুলিশ সদস্যদের ভোটকেন্দ্রে ছানাতর করার ছাত্রদল ও ছাত্রশিবির বিশ্ববিদ্যালয়ে নৈরাজ্য সৃষ্টি করতে বাসভবনে ভাঙচুর ও ককটেল বিস্ফোরণের সুযোগ পেয়েছে বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল হক।

জানা যায়, সংসদ নির্বাচন প্রতিহত করতে ১৮ দলীয় জোটের ৪৮ ঘণ্টা হরতাল কর্মসূচির সমর্থনে রবিবার সকালে ছাত্রদলের ২৫-৩০ নেতা-কর্মী ক্যাম্পাসের কামাল-রণজিত মার্কেট থেকে মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাসের প্রধান সড়ক হয়ে উপাচার্যের বাসভবনের পাশ দিয়ে ব্রহ্মপুত্র নামের পাড় ধরে চলে যায়। এ



ছবি : কালের কণ্ঠ
ইটপাটকেল ছুড়ে ভাঙচুর করা বাকবি উপাচার্যের বাসভবন।

সময় মিছিল থেকে উপাচার্যের বাসভবনের সামনে চারটি ককটেল বিস্ফোরণ ঘটায়। পরে উপাচার্যের বাসভবনে এলোপাতাড়ি ইট-পাটকেল নিক্ষেপ করে। এ সময় এলোপাতাড়ি

ইট-পাটকেলের আঘাতে উপাচার্যের বাসভবনে কর্মরত সুমন ও মোস্তফা নামের দুই কর্মচারী আহত হন। এদিকে হামলার ব্যাপারে উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল হক বলেন, হরতাল ও নির্বাচন বাস্তবায়নের সমর্থনকারী ছাত্রদল ও শিবিরের কিছু ক্যাডার আমার বাসার সামনে ককটেল বিস্ফোরণ ঘটায়। এলোপাতাড়ি ইট-পাটকেল ছুড়ে বাসভবন ভাঙচুর করে। নির্বাচনী দায়িত্ব পালনে ক্যাম্পাসের পুলিশ বহু থেকে পুলিশ সদস্যদের ভোটকেন্দ্রে ছানাতর করার ছাত্রদল ও শিবির বিশ্ববিদ্যালয়ে নৈরাজ্য সৃষ্টি করতে বাসভবনে ভাঙচুর ও ককটেল বিস্ফোরণের সুযোগ পেয়েছে বলে জানিয়েছেন তিনি।

এ ঘটনার সত্যতা স্বীকার করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক মো. জনিম উদ্দিন জনি বলেন, প্রহসনের একতরফা নির্বাচন প্রতিহত করতে জাতীয় কর্মসূচির সমর্থনে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করে ছাত্রদল।

ময়মনসিংহ কোতোয়ালি থানার ওসি গোলাম সারওয়ার বলেন, আমি এ বিষয়ে কিছু জানি না।